



ক্লাস পার্টি

(অভিভাবক-শিক্ষার্থী মূল্যায়ন সভা)



ক্লাস পার্টি (শিক্ষার্থী-অভিভাবক মূল্যায়ন সভা) :

ক্লাস পার্টি হলো শ্রেণি ও বিষয় ভিত্তিক শিক্ষার্থীদের মৌখিক মূল্যায়ন পদ্ধতী যেখানে একটি শিশু তার শ্রেণির পাঠ্যবইয়ের একটি অধ্যায়ের বিষয়বস্তু ঐ শ্রেণির সকল অভিভাবক-শিক্ষার্থীর সামনে আনুষ্ঠানিক বক্তব্য বা অভিনয়ের মাধ্যমে উপস্থাপন করে।

উদ্দেশ্য :

- শিশুর বলার (Speaking) জড়তা দূর করে তাকে আত্মবিশ্বাসী (Self Confident) হিসেবে গড়ে তোলা।
- শিশুর অর্জিত দক্ষতা প্রদর্শনের মাধ্যমে অভিভাবকগণকে তাঁর শিশুর প্রতি আরও যত্নশীল হওয়া এবং বিদ্যালয়ের প্রতি আস্থাশীল করে বিদ্যালয়ের উন্নয়নে সম্পৃক্ত করা।

প্রসেস ম্যাপ :

জানুয়ারি থেকে অক্টোবর

- প্রতিমাসে দুইটি (১ম ও শেষ পাক্ষিকে) ক্লাস পার্টিতে যথাক্রমে প্রথম শ্রেণি থেকে চতুর্থ শ্রেণির শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।
- একটি শ্রেণি ২ মাস অন্তর ক্লাস পার্টির আয়োজন করে। প্রতি শ্রেণির শিক্ষার্থী বছরে ৫ বার উপস্থাপনের সুযোগ পায়।
- পাঠ্যবইয়ের পূর্ব নিধারিত নির্দিষ্ট পাঠ (মৌখিক উপস্থাপন যোগ্য) উপস্থাপন করে।
- প্রতিটি শিক্ষার্থী মাউথ স্পচ ও লাউড স্পিকার (এমপিফায়ার) ব্যবহার করে বক্তব্য বা অভিনয়ের মাধ্যমে পাঠ উপস্থাপন করে।
- সংশ্লিষ্ট শ্রেণির সকল শিক্ষার্থী ও অভিভাবক উপস্থিতি নিশ্চিত করা হয়। শিশুর লিখিত টিঠির মাধ্যমে বাবা মা কে অবহিত করা হয়।
- সেরা পাঁচজন শিক্ষার্থী ও তাদের অভিভাবককে পুরস্কার প্রদান করা হয়।
- প্রধান শিক্ষকের নির্দেশনায় ও শ্রেণি শিক্ষকের পরিচালনায় অনুষ্ঠিত হয় শিক্ষার্থী অভিভাবক মূল্যায়ন সভা।

প্রেক্ষাপট

ক্লাস পার্টির আগে

- মৌখিক মূল্যায়নের সুযোগ না থাকা। (শোনা ও বলার ক্ষেত্র)
- জনসম্মুখে কিংবা লাউড স্পিকারে শিশুর উপস্থাপনের সুযোগ না থাকা
- অর্জিত যোগ্যতা বা দক্ষতা উপস্থাপনে শিশুর জড়তা থাকা ও দূরীকরণে ব্যবস্থা না থাকা।
- শিশুর আত্মবিশ্বাস তৈরীর সুযোগ না থাকা।
- সন্তানের অর্জিত যোগ্যতা সম্পর্কে অভিভাবকগণের সঠিক ধারণা না থাকা
- শিশুর শিখন শেখানো কার্যক্রমে অভিভাবকের অংশগ্রহণ না থাকা।

ক্লাস পার্টির পরে

- মৌখিক মূল্যায়নের সুযোগ সৃষ্টি হয়েছে।
- জনসম্মুখে কিংবা লাউড স্পিকারে শিশুর উপস্থাপনের দক্ষতার উন্নয়ন হয়েছে।
- অর্জিত যোগ্যতা বা দক্ষতা উপস্থাপনের মাধ্যমে শিশুর জড়তা দূর হচ্ছে।
- প্রতিটি শিশু নিজ দক্ষতা উপস্থাপনের মাধ্যমে আত্মবিশ্বাসী হয়ে উঠছে
- অভিভাবকগণ নিজ সন্তানের শিশুর শিখন শেখানো কার্যক্রম প্রত্যক্ষ করছেন এবং বিদ্যালয়ের উন্নয়নে সম্পৃক্ত হচ্ছেন।
- অভিভাবকগণ নিজ নিজ সন্তানের উপস্থাপন প্রত্যক্ষ করছেন এবং সুস্থ প্রতিযোগিতার মনোভাব তৈরী হচ্ছে।

প্রভাব

শিশুর ক্ষেত্রে :

- * শিশুর জড়তা দূরীকরণে সহায়তা করছে।
- * শিশুর আত্মবিশ্বাস বাড়ছে।
- * শিশুর উপস্থাপনার দক্ষতা অর্জিত হচ্ছে।
- * লেখাপড়ার প্রতি শিশুর আগ্রহ বাড়ছে।
- * শিশু নিজে থেকে গুরুত্বপূর্ণ মনে করছে।
- * বিদ্যালয়ের শিশুর উপস্থিতি বাড়ছে।
- * শিখন ফল ঘাটী হচ্ছে।

অভিভাবকগণের ক্ষেত্রে :

- * ক্লাস পার্টিতে অভিভাবকগণের বিদ্যালয়ে সরব উপস্থিতি।
- * নিজ সন্তানের উপস্থাপন অভিভাবক কর্তৃক উপভোগ।
- * শিশুর অর্জিত যোগ্যতা সম্পর্কে অভিভাবকগণের ইতিবাচক ধারণা প্রাপ্তি।
- * অভিভাবকগণের বিদ্যালয়ের শিক্ষকগণের প্রতি আস্থা বৃদ্ধি।
- * অভিভাবকগণের বিদ্যালয়ের সাথে সম্পৃক্ততা বৃদ্ধি।
- * বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে অভিভাবকগণের কার্যকর ভূমিকা।

মাস	শ্রেণি	বিষয়	পাঠ / বিষয়বস্তু
জানুয়ারী	১ম	বাংলা	আমার পরিচয় /আমরা কী কী কাজ করি/শপথ
"	২য়	বাংলা	আমার পরিচয় / ছবির গল্প সুন্দর বন/শপথ
ফেব্রুয়ারী	৩য়	বাংলা	রাজা ও তার তিন কন্যা/শপথ
"	৪র্থ	বাংলা/ ইংরেজি	আজকে আমার ছুটি চাই /মুক্তির ছড়া/ Your Introduction